



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ০৬ আগস্ট ১৪২৯  
২০ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে  
‘ডিজিটাল ক্ষুদ্র ঋণ’ সুবিধা প্রদানের লক্ষ্যে গঠিত পুনঃঅর্থায়ন ক্ষিম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০২ জুন ২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারে বর্ণিত নীতিমালার আওতায় তফসিলি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন গ্রহণের ক্ষেত্রে  
নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণীয় হবেঃ

(ক) বাংলাদেশ ব্যাংক হতে ‘ডিজিটাল ক্ষুদ্র ঋণ’ কার্যক্রম পরিচালনায় অনুমোদনপ্রাপ্ত তফসিলি ব্যাংক এ ক্ষিমের আওতায়  
গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ বিতরণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। এ লক্ষ্যে তফসিলি  
ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট (এফআইডি) এর সাথে একটি চুক্তিপত্র (Participation  
Agreement) সম্পাদন করতে হবে;

(খ) এ ক্ষিমের আওতায় তফসিলি ব্যাংক কর্তৃক মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস কোম্পানী (MFS) এর মাধ্যমে ঋণ  
বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক ও MFS এর মধ্যে একটি সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষর করতে হবে। প্রথমবার পুনঃঅর্থায়ন  
প্রাপ্তির আবেদন পত্রের সাথে উক্ত MoU এর একটি অনুলিপি প্রেরণ করতে হবে;

(গ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃঅর্থায়নের অর্থ সাধারণভাবে ত্রৈমাসিক ভিত্তিতে (নির্ধারিত আদায় সূচি মোতাবেক)  
বাংলাদেশ ব্যাংকে রাশ্মিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব বিকলন করে আদায় করা হবে। তবে, গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের মেয়াদ  
০৩ মাসের কম হলে পুনঃঅর্থায়নকৃত অর্থ মাসিক কিস্তিতে এবং ঋণের মেয়াদ ০৩ মাসের বেশী কিন্তু ০৬ মাসের কম হলে  
পুনঃঅর্থায়নকৃত অর্থের ১ম কিস্ত ত্রৈমাসিক ভিত্তিতে আদায়ের পর অবশিষ্ট অংশ মাসিক কিস্তিতে আদায় করা হবে;

(ঘ) পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে তফসিলি ব্যাংক (সংযুক্ত-১ মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদিসহ) প্রতি মাসের ২০  
তারিখের মধ্যে পরিচালক, ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে আবেদন করবে।

৩। বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখঃ ০২ জুন ২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

জয়শ্রী বাগচী  
পরিচালক (এফআইডি)  
ফোনঃ ০২-৯৫৩০৩৪৩

সূত্রঃ -----

তারিখঃ-----

পরিচালক  
ফাইন্যাসিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

প্রিয় মহোদয়,

**আর্থিক অভ্যন্তরীণ ও প্রাণিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে ‘ডিজিটাল ক্ষুদ্র ঋণ’ সুবিধা  
প্রদানের লক্ষ্যে গঠিত পুনঃঅর্থায়ন ক্ষিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০২ জুন ২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ ও ২০ জুন ২০২২ তারিখে জারীকৃত এফআইডি সার্কুলার লেটার নং-০২ এর নির্দেশনা অনুসরণপূর্বক উক্ত পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় অত্র ব্যাংকের ইন্টারনেট ব্যাংকিং/মোবাইল অ্যাপস/ই-ওয়ালেট ইত্যাদি/মোবাইল ফাইন্যাসিয়াল সার্ভিসেস প্রতিষ্ঠান ----- এর মাধ্যমে ----/২০২২ এ ----- জন গ্রাহককে মোট-----টাকা ঋণ/বিনিয়োগ বিতরণ করা হয়েছে। আলোচ্য ঋণ/বিনিয়োগ বিতরণে সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে উল্লিখিত পুনঃঅর্থায়ন ক্ষিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য এতদসঙ্গে দাখিল করা হলো।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের অনুকূলে নিম্নোক্ত বর্ণনা মোতাবেক মোট -----টাকা (কথায়-----) পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেনঃ

| ক্রঃ | টাকার পরিমাণ | ঋণের মেয়াদ | গ্রাহক সংখ্যা |
|------|--------------|-------------|---------------|
|      |              |             |               |
|      |              |             |               |
|      |              |             |               |
| মোটঃ |              | -           |               |

আপনাদের বিশ্বস্ত,

(-----)  
ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান  
----- ব্যাংক লিঃ

ফোনঃ -----  
ই-মেইলঃ-----

## সংযোজনী:

- ১। ঋণ গ্রহীতাদের তথ্য (সারণী-১ ও ২ মোতাবেক)।
- ২। ডিপি নোট (ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত)।

## ব্যাংকের নামঃ

## সারণী-১ঃ ঋগ্বেদাতাদের তথ্য

### সারণী-২ঃ ঋগ্বেদার তথ্যের সার সংক্ষেপ